



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৪৮৯

তারিখঃ ১৯/০৯/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৪৫ তম কমিশন সভা অদ্য ১৯/০৯/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ এর রাইট শেয়ার (১৪৩ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ৩টি শেয়ার এর বিপরিতে ১টি শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ কে কমিশন ২,৫৪,২০,৩৫৪ টি সাধারণ শেয়ার প্রতিটি টাঃ ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানিটি ২৫,৪২,০৩,৫৪০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে বাংলাদেশ ব্যাংকের ব্যাসেল টু এর শর্ত পূরণ করবে। এই রাইট ইস্যুর, ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করেছে AAA Consultants & Financial Advisers Ltd.। গত ৩১শে ডিসেম্বর ২০১১ তারিখে সমাপ্ত বৎসরের নীরক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিঃ এর শেয়ার প্রতি নীট সম্পদ (NAV) ১৩.৮৭ টাকা।
২. সভায় Mymco Jute Mills (Composite) Limited কে ২ (দুই) কোটি টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যে) ইস্যুর মাধ্যমে ২০ (বিশ) কোটি টাকা উত্তোলন (Capital Raising) করে মূলধন ১৩,০৭,৩২,০০০ টাকা থেকে ৩৩,০৭,৩২,০০০ টাকায় উন্নীত করার অনুমতি প্রদান করা হয়।
৩. সভায় কমিশনের ডিরেক্টিভ নং- এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩/৪৬১, তারিখঃ ২৮/০৬/২০১২ইং এর মাধ্যমে সকল তালিকাভুক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট কোম্পানীর পরিচালকদের শূণ্য পদের তালিকা (সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরসিডি/২০০৯/১৯৩/১১৯/প্রশাসন/৩৪, তারিখ ২২/১১/২০১১ এর পরিপালন করতে ব্যর্থ হওয়ার ফলে যে সকল পরিচালকের পদ শূণ্য হয়েছে) চাওয়া হয়েছিল। সে প্রেক্ষিতে তালিকাভুক্ত কোম্পানী প্রদত্ত তথ্য অনুযায়ী ২২/০৫/২০১২ইং তারিখ হতে যে সমস্ত উদ্যোক্তা/পরিচালক এর কোম্পানীতে ২% শেয়ার হোল্ডিং নাই তাদের বাদ দিয়ে পুনর্গঠিত পরিচালনা পর্ষদের তালিকা এবং এতদসংশ্লিষ্ট RJSC কর্তৃক সত্যায়িত (certified) Particulars of Directors (Form XII) এর অনুলিপি আগামী ১৫/১১/২০১২ইং তারিখের মধ্যে কমিশনে দাখিল করার জন্য লিঙ্কেড কোম্পানীসমূহকে নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪. R.N. Spinning Mills Ltd. এর Rights Issue সংক্রান্ত বিষয়ে সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে সভায় :
 - ক) R. N. Spinning Mills Ltd. এর উদ্যোক্তা/পরিচালকদের আগামী ২০/০৯/২০১২ইং তারিখ থেকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত শেয়ার বিক্রির উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়।
 - খ) R. N. Spinning Mills Ltd. কর্তৃক তদন্ত কমিটির নিকট দাখিলকৃত কিছু কাগজপত্র জাল (fake) হওয়ায় CRPC এর আওতায় ফৌজদারী মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং
 - গ) R. N. Spinning Mills Ltd. কর্তৃক Rights Issue সংক্রান্ত বিষয়ে যে সমস্ত সিকিউরিটিজ আইন ভঙ্গ হয়েছে সেগুলির বিষয়ে Enforcement পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫. পুঁজিবাজার তদন্ত কমিটি ২০১১ এর রিপোর্টের ভিত্তিতে কমিশনের অধিকতর তদন্তে উল্লেখিত অমনিবাস একাউন্টের অনিয়ম এর ব্যাপারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে কার্যবিবরণীর অপেক্ষা না করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ প্রদান করা হয়।
৬. অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ পুঁজিবাজারে তালিকাভুক্তির লক্ষ্যে সরকারি মালিকানাধীন কোম্পানীসমূহের সম্পদ এবং দায়ের পূর্ণ মূল্যায়নের জন্য Valuer নিয়োগ প্রসঙ্গে একটি নীতিমালা প্রণয়ন করে। নীতিমালায় বর্ণিত শর্তাবলী পরিপালনকারী Valuer দের আবেদন বিবেচনা করে কমিশন ইতোপূর্বে ১২ জনের একটি তালিকা প্রণয়ন করেছিল। আজকের সভায় নীতিমালায় বর্ণিত শর্তাদি পরিপালন করায় এই তালিকার অতিরিক্ত আরো ২০টি প্রতিষ্ঠানকে Valuer হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।


মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র